তারিখ: 08/01/2014

**একটি মাত্র পণ্যের জামিনের ওপর ঋণদান – সোনার গয়না**

আরবিআই/**2013-14/435**
ডিএনবিএস.সিসি.পিডি.নং.***365/03.10.01/2013-14***

জানুয়ারি ***08, 2014***

সমস্ত এনবিএফসি (পিডি বাদে)

প্রিয় মহাশয়,

**একটি মাত্র পণ্যের জামিনের ওপর ঋণদান – সোনার গয়না**

অনুগ্রহ করে আমাদের সেপ্টেম্বর 16, 2013 তারিখের সার্কুলার **ডিএনবিএস.সিসি.পিডি.নং.*356/03.10.01/2013-14*** (‘সার্কুলার’) দেখবেন যেটি ভারতে এনবিএফসিগুলি কর্তৃক স্বর্ণঋণ এবং স্বর্ণ আমদানি বিষয়ে পরিচালন-গোষ্ঠী (কে ইউ বি রাও পরিচালন গোষ্ঠী) প্রদত্ত সুপারিশের ওপর ভিত্তি করে জারি করা হয়েছে। মার্চ 21, 2012 তারিখের সার্কুলার **ডিএনবিএস.সিসি.পিডি.নং. *265/ 03.10.01/2013-14***-টিও দেখবেন যাতে বলা হয়েছে যে এনবিএফসিগুলি যেন সোনার গয়নার জামিনের বিরুদ্ধে দেওয়া ঋণের ঋণ-ও-মূল্য (এলটিভি) অনুপাত রক্ষা করে এবং কিছুতেই ঋণ যেন গয়নার মূল্যের শতকরা 60-এর বেশি না হয়।

2. এই বিষয়ে আমরা এনবিএফসিগুলির থেকে কিছু অনুযোগ পেয়েছি। সেগুলি যাচাই করা হয়েছে এবং নিম্নে উল্লিখিত সিদ্ধান্ত নেওয়া হয়েছে।

i. **ঋণ-ও-মূল্যের (এলটিভি) অনুপাত**

মার্চ 21, 2012 তারিখের সার্কুলার ডিএনবিএস.সিসি.পিডি.নং. *265/ 03.10.01/2013-14*-এর অনুচ্ছেদ অনুযায়ী এনবিএফসিগুলি যেন সোনার গয়নার জামিনের বিরুদ্ধে দেওয়া ঋণের ঋণ-ও-মূল্য (এলটিভি) অনুপাত রক্ষা করে এবং কিছুতেই ঋণ যেন গয়নার মূল্যের শতকরা 60-এর বেশি না হয়। স্মরণ করা যেতে পারে যে সংগঠিত ক্ষেত্রের মাধ্যমে অনাবশ্যক পড়ে থাকা সোনার যথাসম্ভব অর্থে রূপান্তরণ করার জন্য কেইউবি রাও পরিচালন গোষ্ঠী সুপারিশ করে যে এনবিএফসিগুলি দ্বারা পরিচালিত স্বর্ণঋণের ব্যবসার স্তর উপযুক্ত বিবেচিত হলে এলটিভি অনুপাত 60 থেকে বাড়িয়ে শতকরা 75 করা যেতে পারে। পরিচালন গোষ্ঠী সোনার মূল্য নির্ধারণ প্রণালীরও প্রমিতকরণের সুপারিশ করে। এনবিএফসিগুলি কর্তৃক দেওয়া স্বর্ণঋণের পরিমাণে বৃদ্ধির শ্লথতা নজরে রেখে এবং এ যাবৎকালের অভিজ্ঞতার ভিত্তিতে সোনার গয়না জামিন রাখার উপর ঋণের ক্ষেত্রে এলটিভি অনুপাত বর্তমান সীমা শতকরা 60 থেকে বাড়িয়ে অবিলম্বে শতকরা 75 করা হয়েছে।

‘সার্কুলার’-এর অনুচ্ছেদ 2(iii) প্রয়োগ করে আমরা বুঝতে পারছি যে বর্তমান পরিস্থিতিতে কিছু এনবিএফসি সোনার গয়না তৈরি করার পারিশ্রমিক তার মূল্যের সঙ্গে যোগ করছে। এখানে স্পষ্ট করা হচ্ছে যে সর্বাধিক স্বীকৃত ঋণদানের পরিমাণ নির্ধারণ করার ক্ষেত্রে গয়নার মূল্য স্থির হবে শুধুমাত্র সোনার পরিমাণের মূল মূল্য দ্বারা; অন্য কোন খরচের উপাদান তাতে যুক্ত হবে না। ‘সার্কুলার’-এ বিশদে দেওয়া পদ্ধতিতে যথারীতি মূল মূল্য নির্ধারণ করা হবে।

### ii. এলটিভি অনুপাত স্থির করার জন্য সোনার মূল্যের প্রমিতকরণ

‘সার্কুলার’-এর অনুচ্ছেদ 2 (iii) অনুযায়ী এনবিএফসিগুলিকে ঋণগ্রহীতাকে সোনার বিশুদ্ধতা (ক্যারাট অনুযায়ী) এবং ওজন লিখিতভাবে জানাতে হবে। এনবিএফসিগুলি তাদের উদ্বেগ জাহির করে জানিয়েছে যে জামিন হিসেবে নেওয়া সোনার গয়নার বিশুদ্ধতার প্রমাণপত্র বর্তমান অভ্যাস অনুযায়ী আনুমানিকভাবেই দেওয়া সম্ভব এবং সেই কারণে এই ধরনের প্রমাণপত্র দেওয়ার ক্ষেত্রে পরে ঋণগ্রহীতার সংগে বিবাদে জড়িয়ে পড়ার সম্ভাবনা থাকে। এখানে স্পষ্ট করা হচ্ছে যে সোনার বিশুদ্ধতার পক্ষে প্রমাণপত্র প্রদান করার ব্যবস্থা বাতিল করা যাবে না। সোনার বিশুদ্ধতার প্রমাণ সর্বোচ্চ ঋণের পরিমাণ মঞ্জুর করার জন্য এবং নিলামের দাম স্থির করার কাজে প্রযুক্ত হবে। মেয়াদপূর্তি পরিশোধ নিয়ে কোন সম্ভাব্য বিবাদ থেকে নিজেদের রক্ষা করার জন্য এনবিএফসিগুলি কিছু সতর্কীকরণের ব্যবস্থা রাখতে পারে।

### iii. সোনার স্বত্বাধিকার যাচাই

‘সার্কুলার’-এর অনুচ্ছেদ *2. Iv* অনুযায়ী যখন কোন ঋণগ্রহীতা কোন বিশেষ সময়ে অথবা কালানুক্রমিকভাবে বকেয়া থাকা ঋণের জন্য 20 গ্রামের বেশি সোনা বন্ধক রাখেন, এনবিএফসিগুলিকে সোনার গয়নার মালিকানা যাচাই করে তার তথ্য নথিভুক্ত করে রাখতে হবে। মালিকানা প্রতিষ্ঠিত করার পদ্ধতিও এনবিএফসি’র বোর্ড কর্তৃক অনুমোদিত সার্বিক ঋণ নীতিতে লিপিবদ্ধ করে রাখতে হবে। যেহেতু ঋণগ্রহীতার পক্ষে মালিকানা প্রমাণ করার জন্য রসিদ দেখান সম্ভব নয়, বিশেষ করে যে ক্ষেত্রে সেগুলি উত্তরাধিকার সূত্রে পাওয়া, এখানে তাই স্পষ্ট করে দেওয়া হচ্ছে যে মালিকানা পরীক্ষা করার জন্য বন্ধক রাখা গয়নার মূল রসিদের প্রয়োজন নেই; একটি উপযুক্ত নথি তৈরি করতে হবে যাতে মালিকানা প্রাপ্তির ব্যাখ্যা দেওয়া থাকবে, বিশেষ করে যে ক্ষেত্রে কোন একটি বিশেষ সময়ে অথবা কালানুক্রমে বকেয়া ঋণের জন্য জামিন দেওয়া সোনার গহনা 20 গ্রামের বেশি। এনবিএফসিগুলিকে নির্দেশ দেওয়া হচ্ছে যে তাদের সামগ্রিক ঋণ নীতির অন্তর্গত এ বিষয়ে একটি স্পষ্ট নীতি রাখতে হবে।

### iv) *নিলাম পদ্ধতি ও প্রণালী*

'সার্কুলার'-এর অনুচ্ছেদ *2. V* অনুযায়ী এনবিএফসিগুলিকে নির্দেশ দেওয়া হয়েছে যে, যে শাখা ঋণ দিয়েছে সেটি যেখানে অবস্থিত সেই শহর বা তালুকে নিলাম ডাকা। বিভিন্ন স্থান থেকে তালুকের পরিবর্তে জেলায় নিলাম ডাকার অনুমতির জন্য অনুরোধ এসেছে। এই অনুরোধ গ্রহণযোগ্য বলে বিবেচিত হয়নি, ফলে বর্তমান নির্দেশ অপরিবর্তিত রইল।

### v) *অন্যান্য নির্দেশসমূহ*

'সার্কুলার'-এর অনুচ্ছেদ *2. vi (ii)* অনুযায়ী এনবিএফসিগুলিকে নির্দেশ দেওয়া হয়েছে যে ₹ এক লক্ষ অথবা তার বেশি মূল্যের ঋণ যেন চেকের মাধ্যমে বিলি করা হয়। এনবিএফসিগুলি জানিয়েছিল যে চেকের মাধ্যমে ঋণ দেওয়া হলে ঋণগ্রহীতার টাকা পেতে দেরি হবে, বিশেষ করে যদি ঋণটি সপ্তাহের শেষ দিকে দেওয়া হয়। দেখা গেছে যে এনবিএফসি'র দেওয়া বেশিরভাগ ঋণই এক লক্ষ টাকার নীচে। সেই কারণে সিদ্ধান্ত নেওয়া হয়েছে যে বর্তমান নির্দেশ বহাল থাকবে।

*3.* যথাযথ অনুপালনের জন্য ফেব্রুয়ারি *22, 2007* তারিখের নোটিফিকেশন নং ডিএনবিএস.192/ডিজি(ভিএল)-2007-এ উল্লিখিত সংলগ্নীকৃত নোটিফিকেশন দেখুন যেটি ননব্যাঙ্কিং ফিনান্সিয়াল (ডিপোজিট এ্যাক্সেপ্টিং অর হোল্ডিং) কোম্পানি প্রুডেন্সিয়াল নর্মস (রিজার্ভ ব্যাঙ্ক) ডিরেকশন্‌স, 2007-কে সংশোধন করে এবং ফেব্রুয়ারি *22, 2007* তারিখের নোটিফিকেশন নং ডিএনবিএস.193/ডিজি(ভিএল)-2007-এ উল্লিখিত সংলগ্নীকৃত নোটিফিকেশন দেখুন যেটি ননব্যাঙ্কিং ফিনান্সিয়াল (ননডিপোজিট এ্যাক্সেপ্টিং অর হোল্ডিং) কোম্পানি প্রুডেন্সিয়াল নর্মস (রিজার্ভ ব্যাঙ্ক) ডিরেকশন্‌স, 2007-কে সংশোধন করে।

আপনার বিশ্বস্ত,

(এন.এস.বিশ্বনাথন)
প্রধান মুখ্য মহাপ্রবন্ধক

**ভারতীয় রিজার্ভ ব্যাঙ্ক**

**নন-ব্যাঙ্কিং তত্বাবধান বিভাগ**

**কেন্দ্রীয় কার্যালয়**

**সেন্টর I, ওয়ার্ল্ড ট্রেড সেন্টর**

**কাফে প্যারেড, কোলাবা**

**মুম্বই 400 005**

***নোটিফিকেশন নং ডিএনবিএস.(পিডি).269/পিসিজিএম(এনএসভি)-2014 জানুয়ারি 08, 2014***

জনস্বার্থে প্রয়োজনীয় বিবেচনা করে এবং ব্যাঙ্ক কর্তৃক ঋণদান ব্যবস্থা নিয়ন্ত্রণ করার মাধ্যমে দেশের উপকার সাধন হবে বিবেচনা করে ভারতীয় রিজার্ভ ব্যাঙ্ক মনে করে নন্‌ব্যাঙ্কিং ফিনান্সিয়াল (ডিপোজিট এ্যাক্সেপ্টিং অর হোল্ডিং) কোম্পানি প্রুডেন্সিয়াল নর্মস (রিজার্ভ ব্যাঙ্ক) ডিরেকশন্‌স, 2007 (যা এখন থেকে উক্ত ডিরেকশন বলে অভিহিত হবে)-তে সংশোধন আনা জরুরি (যার উল্লেখ ফেব্রুয়ারি *22, 2007* তারিখের নোটিফিকেশন নং ডিএনবিএস.192/ডিজি(ভিএল)-2007-এ আছে)। ভারতীয় রিজার্ভ ব্যাঙ্ক আইনের ধারা 45 জেএ প্রদত্ত অধিকার বলে এবং তার দ্বারা প্রাপ্ত সমস্ত ক্ষমতা প্রয়োগ করে ভারতীয় রিজার্ভ ব্যাঙ্ক এতদ্দ্বারা নির্দেশ দেয় যে সমস্ত ডিরেকশনসমূহ অবিলম্বে নিম্নলিখিতভাবে সংশোধন করতে হবে

**2. অনুচ্ছেদ 17এ-এর ধারা (এ)-এর উপধারা (i) নিম্নে বর্ণিত ভাবে বদল হবে –**

(i) ঋণ-ও-মূল্যের(এলটিভি)অনুপাত সোনার গয়না জামিনের উপর মঞ্জুরীকৃত ঋণের শতকরা 75-এর বেশি হবে না

সর্বোচ্চ অনুমোদনযোগ্য ঋণের পরিমাণ নির্ধারণ করার উদ্দেশ্যে সোনার গয়নার মূল্য বলতে কেবলমাত্র যত পরিমাণ সোনা আছে তার মূল মূল্য ব্যতিরেকে অন্য কোন খরচের উপাদান তার সঙ্গে যুক্ত হবে না। সোনার গয়নার মূল মূল্য নির্ধারণ করা বিষয়ে ডিরেকশনস-এর অনুচ্ছেদ 17 সি(1)-এ বিশদে দেওয়া আছে।

**3. অনুচ্ছেদ (17 বি)-এর শেষ বাক্য নিম্নে দেওয়া বাক্যগুলি দ্বারা বদল করা হবে**

“মালিকানা পরীক্ষা করার জন্য বন্ধক রাখা গয়নার মূল রসিদের প্রয়োজন নেই; একটি উপযুক্ত নথি তৈরি করতে হবে যাতে মালিকানা প্রাপ্তির ব্যাখ্যা দেওয়া

থাকবে, বিশেষ করে যে ক্ষেত্রে কোন একটি বিশেষ সময়ে অথবা কালানুক্রমে বকেয়া ঋণের জন্য জামিন দেওয়া সোনার গয়না 20 গ্রামের বেশি। এনবিএফসিগুলিকে তাদের বোর্ড সমর্থিত সামগ্রিক ঋণ নীতির অন্তর্গত এ বিষয়ে একটি স্পষ্ট নীতি রাখতে হবে।

***4.*** **শেষ বাক্যের পরে নিম্নলিখিত বয়ান অনুচ্ছেদ 17 সি-এর উপ-অনুচ্ছেদ (1)-এর ধারা (iii)-এ অনু-প্রবিষ্ট হবে**

"এনবিএফসিগুলি মেয়াদপূর্তি পরিশোধ সংক্রান্ত বিবাদ থেকে নিজেদের রক্ষা করার জন্য উপযুক্ত শর্ত রাখতে পারে, কিন্তু স্বীকৃত শাস্তি প্রযুক্ত হবে সর্বোচ্চ অনুমোদিত ঋণের পরিমাণ এবং নিলামের জন্য সংরক্ষিত মূল্য নির্ধারণ করার জন্য।

**(এন.এস.বিশ্বনাথন)**
প্রধান মুখ্য মহাপ্রবন্ধক

**ভারতীয় রিজার্ভ ব্যাঙ্ক**

**নন-ব্যাঙ্কিং তত্বাবধান বিভাগ**

**কেন্দ্রীয় কার্যালয়**

**সেন্টর I, ওয়ার্ল্ড ট্রেড সেন্টর**

**কাফে প্যারেড, কোলাবা**

**মুম্বই 400 005**

***নোটিফিকেশন নং ডিএনবিএস.(পিডি).270/পিসিজিএম(এনএসভি)-2014 জানুয়ারি 08, 2014***

*জনস্বার্থে প্রয়োজনীয় বিবেচনা করে এবং ব্যাঙ্ক কর্তৃক ঋণদান ব্যবস্থা নিয়ন্ত্রণ করার মাধ্যমে দেশের উপকার সাধন হবে বিবেচনা করে ভারতীয় রিজার্ভ ব্যাঙ্ক মনে করে ননব্যাঙ্কিং ফিনান্সিয়াল (নন-ডিপোজিট এ্যাক্সেপ্টিং অর হোল্ডিং) কোম্পানি প্রুডেন্সিয়াল নর্মস (রিজার্ভ ব্যাঙ্ক) ডিরেকশন্‌স, 2007 (যা এখন থেকে উক্ত ডিরেকশন বলে অভিহিত হবে)-তে সংশোধন আনা জরুরি (যার উল্লেখ ফেব্রুয়ারি 22, 2007 তারিখের নোটিফিকেশন নং ডিএনবিএস.193/ডিজি(ভিএল)-2007-এ আছে)। ভারতীয় রিজার্ভ ব্যাঙ্ক আইন, 1934 (1934 এর 2) ধারা 45 জেএ প্রদত্ত অধিকার বলে এবং তার দ্বারা প্রাপ্ত সমস্ত ক্ষমতা প্রয়োগ করে ভারতীয় রিজার্ভ ব্যাঙ্ক এতদ্বারা নির্দেশ দেয় যে সমস্ত ডিরেকশনসমূহ অবিলম্বে নিম্নলিখিতভাবে সংশোধন করতে হবে*

**2. অনুচ্ছেদ 17এ-এর ধারা (এ)-এর উপধারা (i) নিম্নে বর্ণিত ভাবে বদল হবে –**

"(i) ঋণ-ও-মূল্যের(এলটিভি)অনুপাত সোনার গয়না জামিনের উপর মঞ্জুরীকৃত ঋণের শতকরা 75-এর বেশি হবে না"

সর্বোচ্চ অনুমোদনযোগ্য ঋণের পরিমাণ নির্ধারণ করার উদ্দেশ্যে সোনার গয়নার মূল্য বলতে কেবলমাত্র যত পরিমাণ সোনা আছে তার মূল মূল্য ব্যতিরেকে অন্য কোন খরচের উপাদান তার সঙ্গে যুক্ত হবে না। সোনার গয়নার মূল মূল্য নির্ধারণ করা বিষয়ে ডিরেকশনস-এর অনুচ্ছেদ 17 সি(1)-এ বিশদে দেওয়া আছে।

**3. অনুচ্ছেদ (17 বি)-এর শেষ বাক্য নিম্নে দেওয়া বাক্যগুলি দ্বারা বদল করা হবে**

“মালিকানা পরীক্ষা করার জন্য বন্ধক রাখা গয়নার মূল রসিদের প্রয়োজন নেই; একটি উপযুক্ত নথি তৈরি করতে হবে যাতে মালিকানা প্রাপ্তির ব্যাখ্যা দেওয়া থাকবে, বিশেষ করে যে ক্ষেত্রে কোন একটি বিশেষ সময়ে অথবা কালানুক্রমে বকেয়া ঋণের জন্য জামিন দেওয়া সোনার গয়না 20 গ্রামের বেশি। এনবিএফসিগুলিকে তাদের বোর্ড সমর্থিত সামগ্রিক ঋণ নীতির অন্তর্গত এ বিষয়ে একটি স্পষ্ট নীতি রাখতে হবে।

***4.*** **শেষ বাক্যের পরে নিম্নলিখিত বয়ান অনুচ্ছেদ 17 সি-এর উপ-অনুচ্ছেদ (1)-এর ধারা (iii)-এ অনু-প্রবিষ্ট হবে**

“এনবিএফসিগুলি মেয়াদপূর্তি পরিশোধ সংক্রান্ত বিবাদ থেকে নিজেদের রক্ষা করার জন্য উপযুক্ত শর্ত রাখতে পারে, কিন্তু প্রামাণ্য বিশুদ্ধতা প্রযুক্ত হবে সর্বোচ্চ অনুমোদিত ঋণের পরিমাণ এবং নিলামের জন্য সংরক্ষিত মূল্য নির্ধারণ করার জন্য।

**(এন.এস.বিশ্বনাথন)**
প্রধান মুখ্য মহাপ্রবন্ধক